আলমডাঙ্গার কুমারী ইউপিতে ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের উপনির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলার ৩ নম্বর কুমারী ইউনিয়ন পরিষদের ৯ নম্বর ওয়ার্ডের মেম্বার পদের সাধারণ উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। কুমারী বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

সকাল আটটা থেকে বিকেল চারটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। মোট ভোটার সংখ্যা ছিল ১ হাজার ৭শত ৭৯ জনের মধ্যে ১ হাজার ৩ শত ৪৮ জন ভোটার তাদের ভোট প্রদান করেছে। নির্বাচনে তিনজন মেম্বার প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করে। তার মধ্যে টিউবয়েল প্রতীক নিয়ে সুখচান আলী মন্ডল ৫ শত ৩ ভোট পেয়ে সদস্য পদে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিল মোরগ প্রতীকের জাকির হোসেন সুমন। তিনি ভোট পেয়েছেন ৪ শত ৩২ ভোট পরাজিত হয়েছেন। অপরজন ফুটবল প্রতীক নিয়ে সেলিম রেজা ৪ শত চার ভোট পেয়েছেন।

রিটার্নিং অফিসারের দায়িত্ব ছিলেন উপজেলা নির্বাচন কর্মকর্তা মশিউর রহমান, প্রিজাইডিং অফিসারের দায়িত্ব ছিলেন বিআরডিবির প্রকল্প কর্মকর্তা আব্দুল মান্নান। কেন্দ্রে নির্বাহী ম্যাজিস্ট্রেট, পুলিশ, আনসারসহ আইন-শৃঙ্খলার দায়িত্ব পালন করেন।